

গুরুত্বপূর্ণ বিষয়

আমাদের বর্তমান এবং ভবিষ্যতের কল্যাণ ও সমৃদ্ধিতে পরিষ্কার বায়ু, বিশুদ্ধ জল, স্থিতিশীল জলবায়ু, স্বাস্থ্যকর খাদ্য সরবরাহ এবং পরিচ্ছন্ন শক্তি গুরুত্বপূর্ণ। একই সময়, কানাডীয় সরকার আমাদের পরিবেশ রক্ষা এবং বিশ্ব তাপমাত্রার বিপজ্জনক বৃদ্ধি পরিবর্তন করতে পর্যাপ্ত কাজ করছে না।

পটভূমিকা

এখন বায়ুমণ্ডলে কার্বন প্রতি মিলিয়নে ৪০০ অংশ অতিক্রম করে - যা জলবায়ুর পরিবর্তনের জন্য দুর্যোগপূর্ণ অবস্থার সৃষ্টি করেছে। কানাডা এখন পৃথিবীর বৃহত্তম গ্রীন হাউজ গ্যাস নিঃসরণকারীদের একটি (প্রতি বছর, জন প্রতি ১৪.৭ মেট্রিক টন)। ১৯৯০ সাল থেকে শক্তির ব্যবহার প্রায় ২২% এবং কার্বন নির্গমন ১৯% বৃদ্ধি পেয়েছে।

সর্বক সংকেতগুলো স্পষ্টভাবে প্রতীয়মান। কেবলমাত্র ২০১৩ সালে, কানাডা ক্যালগেরী ও টরন্টোতে রেকর্ড ভঙ্গকারী বন্যা এবং শীতকালীন ঝড় দেখেছে এবং যা সারা দেশের কমিউনিটির অবকাঠামোর উপর চাপ ফেলেছে। অনুমান করা হয় যে বর্তমান সকল বড় বড় নিঃসরণকারীদের পক্ষ থেকে জলবায়ু পরিবর্তন করার নিষ্ক্রিয়তার কারণে বছরে পাঁচ মিলিয়ন লোক মৃত্যু, অপুষ্টি, অসুখ, দূষণ, বিশাল সম্পত্তির ক্ষতিরও সম্মুখীন হচ্ছে যা এখন ১ ট্রিলিয়ন ডলারেরও বেশি।

কানাডার একটি বিশ্বাসযোগ্য জলবায়ু পরিবর্তন করার কর্ম-পরিকল্পনা (Climate Change Action Plan) প্রয়োজন যা কার্বনের ব্যবহার উল্লেখযোগ্য হ্রাস করবে। ২০০৯ সালে কোপেনহ্যাগেন জলবায়ু পরিবর্তন সম্মেলন-এ (Copenhagen Climate Change Conference) আমাদের গ্রীন হাউজ গ্যাস (GHG) নির্গমন ২০০৫ সালের পর্যায় থেকে ২০২০ সালে ১৭%-এর নিচে কমিয়ে আনার যে পরিমিত লক্ষ্য নির্ধারণ করা হয়েছিল বর্তমান প্রচেষ্টাগুলো সেই লক্ষ্য পূরণে সামান্য প্রভাব ফেলছে বা কোনই প্রভাব ফেলছে না।

কানাডার একটি পরিকল্পনার দরকার যা:

- কার্বন দূষণে একটি দৃঢ় ও গ্রহণযোগ্য মূল্য নির্ধারণ করে, প্রকৃত ব্যয় প্রতিফলিত করে, নতুনত্বের বিকাশ ঘটায়, এবং শিল্প কারখানা ও ভোক্তা উভয়কে আমাদের সম্পদের দক্ষ ব্যবহার নিশ্চিত করে।
- কঠোর মান সম্মত GHG নির্গমন সৃষ্টি করা যা পুরো তেল ও গ্যাস ক্ষেত্রে প্রয়োগযোগ্য, এবং অদক্ষ জীবাশ্ম জ্বালানির ভর্তুকি বিলোপ করে ও বিশেষ কর রেয়াত প্রদান করে (বার্ষিক সর্বমোট ১.৪ বিলিয়ন ডলারেরও বেশি)।
- অপেক্ষাকৃত পরিষ্কার, স্বল্প-প্রভাবিত শক্তির বিকল্প যেমন বায়ু, সৌর, ভূ-তাপ, জোয়ার-ভাটার শক্তি সংক্রান্ত বিনিয়োগ এবং বন্যপ্রাণীর আবাসভূমি সহ কানাডার প্রাকৃতিক অঞ্চল ও সম্পদ সংরক্ষণ করতে অর্থ প্রদান করে।
- একটি আন্তর্জাতিক জলবায়ু পরিবর্তন চুক্তিপত্রে আবদ্ধ হতে চায় যা জাতিসমূহকে কার্বন নির্গমন হ্রাস করতে অঙ্গীকারবদ্ধ করে এবং বিশ্বের গড় তাপমাত্রা প্রাক-শিল্প স্তর থেকে ২° সেলসিয়াসের নিচে (কমপক্ষে) থাকা সুনিশ্চিত করতে ন্যায্য ও স্পষ্ট লক্ষ্য নির্ধারণ করে।
- সবচেয়ে অসহায়, বিশেষ করে যারা সুদূর উত্তর এবং বিশ্বের দক্ষিণে জলবায়ুর পরিবর্তনের সবচেয়ে উল্লেখযোগ্য প্রভাবের সম্মুখীন হচ্ছে তাদের অভিযোজন প্রচেষ্টায় সহায়তা করে। ২০১২ সাল থেকে কানাডা এই প্রচেষ্টাগুলোর জন্য কোনো তহবিল প্রদান করে নাই।

প্রশ্নাবলী

- ১। আপনি কি কয়লা, তেল ও গ্যাস সংক্রান্ত ভর্তুকির অবসান ঘটাতে এবং পরিবেশগত আইন ও নিয়মকানুন জোরদার করতে কাজ করবেন?
- ২। আপনি কি ভূ-মণ্ডলীয় তাপমাত্রার বৃদ্ধি ২° সেলসিয়াসের নিচে রাখার জন্য কার্বন নির্গমনের মূল্য নির্ধারণ যথেষ্ট বলে সমর্থন করেন?
- ৩। আপনি / আপনার দল ২০১৫ সালের ডিসেম্বরে প্যারিসে আন্তর্জাতিক জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আলোচনায় (COP21) কানাডা যাতে একটি গঠনমূলক ভূমিকা পালন করে সেটা নিশ্চিত করতে কি করবেন?
- ৪। আপনার দল কি নির্গমন হ্রাস করার জন্য অর্থপূর্ণ লক্ষ্যমাত্রা সহ একটি জলবায়ু পরিবর্তন করার কর্ম-পরিকল্পনা (Climate Change Action Plan) প্রবর্তন করবে?

সম্পদ:

এই সিরিজের আরও তথ্য এবং অতিরিক্ত তথ্য পত্রের জন্য <http://spno.ca/canada-votes-2015> -এ দেখুন।

এই সিরিজটি ক্যানাডীয়ান কাউন্সিল অন সোশ্যাল ডেভেলোপমেন্ট, কমিউনিটি ডেভেলোপমেন্ট কাউন্সিল ডারহাম, কমিউনিটি ডেভেলোপমেন্ট হন্টন, অ্যাডমন্টন সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল, সেন্ট জন হিউম্যান ডেভেলোপমেন্ট কাউন্সিল, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব বিসি, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব হ্যামিল্টন, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব ক্যামব্রিজ অ্যান্ড নর্থ ডামফ্রাইজ, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব কিচেনার-ওয়ান্টারলু, সোশ্যাল প্ল্যানিং নেটওয়ার্ক অব অন্টারিও, এবং সোশ্যাল প্ল্যানিং টরন্টো কর্তৃক প্রকাশিত।